দৈনিক ইত্তেফাক

৫৭

তারিখ ... 23 MAR 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

অংক ও সময় বেঁধে প্রশ্ন বাহির ॥ নকলে বাধা দেওয়ায় ম্যাজিস্ট্রেট একজন আহত

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রশ্নপত্র ফাঁসের সকল জল্পনা-কল্পনার অবসান ঘটাইয়া গতকাল (শনিবার) দেশের ৫টি বোর্ডের এসএসসি অংক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। নকল সরবরাহে বাধা দেওয়ার কারণে বেগমগঞ্জে একজন ম্যাজিস্ট্রেট, একজন দারোগা ও বাসাইলে ২ জন পুলিশ আহত হইয়াছেন। গতকাল রাজশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা ছিল বেশী। এই বোর্ডে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বহিষ্কৃতদের মধ্যে নওগাঁ জেলায় ৮৮ জন, পাবনা জেলায় ৭২ জন, রাজশাহী জেলায় ৮১ জন, সিরাজগঞ্জ জেলায় ১৭৫ জন, গাইবান্ধা জেলায় ১৩০ জন, নীলফামারী জেলায় ১৪১ জন রহিয়াছে।

ঢাকা বোর্ডে গতকাল বহিষ্কারের সংখ্যা ছিল ২৯৬। মধ্যে মুন্সিগঞ্জ জেলায় ১৪ মানিকগঞ্জ জেলায় ১৯ জন, ময়মনসিংহ জেলা ৯১ জন, জামালপুর জেলায় ১৬ জন, শেরপুর জেলায় ৪৪ জন,

(১৫শে পৃঃ ২-এর কঃ দ্রঃ)

অংক

(১ম পৃঃ পর)

পুর জেলায় ৩৯ জন, শরিয়তপুর জেলায় ১১ জনকে বহিষ্কার করা হইয়াছে।

যশোর বোর্ড বহিষ্কারের সঠিক সংখ্যা জানাইতে পারে নাই। ইত্তেফাকের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম বোর্ডে ৮৭ জন পরীক্ষার্থী বহিষ্কার হইয়াছে।

টাঙ্গাইল সংবাদদাতা ॥ গতকাল (শনিবার) বাসাইল থানার বাসাইল সরকারী গোবিন্দ উচ্চ বিদ্যালয়ে অঙ্ক পরীক্ষা চলাকালে নকল সরবরাহে বাধা দেওয়ার কারণে পরীক্ষা শেষে একদল যুবক পুলিশের উপর আক্রমণ চালায়। পুলিশ দায়িত্ব পালন শেষে থানায় ফেরার পথে বাসাইল বালিকা বিদ্যালয়ের সামনে তাহারা আক্রান্ত হয়। আক্রমণকারীদের রডের আঘাতে আহত কনষ্টেবল রফিকুল ইসলাম ও মোয়াজ্জেম হোসেনকে বাসাইল হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর টাঙ্গাইল জেনারেল হাসপাতালে পাঠানো হইয়াছে। ঘটনার ব্যাপারে বাসাইল থানায় মামলা দায়ের করা হইয়াছে এবং ঘটনার সহিত জড়িত অভিযোগে পুলিশ একজনকে গ্রেফতার করিয়াছে। গ্রেফতারকৃত যুবকের নাম শফিকুল ইসলাম।

এসএসসি অঙ্কের পরীক্ষার দিন বেগমগঞ্জ ১ নং কেন্দ্রের বেগমগঞ্জ পাইলট হাইস্কুলে নকল সরবরাহকারীদের ইটের আঘাতে কর্মরত সহকারী কমিশনার আহত হন। বেগমগঞ্জ ২ নং কেন্দ্র সোনাইমুড়ীর বালিকা বিদ্যালয়ে একইভাবে কর্মরত দারোগা আহত হয়। উভয়স্থানে পুলিশ লাঠিচার্জ করে। কয়েকজনকে গ্রেফতার করিলেও পরে ছাড়িয়া দেয়।

কালিয়াকৈর সংবাদদাতা ॥ ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশ মোতাবেক ঢাকা ১৪, ১৩, ১০ কালিয়াকৈর ও মোহনগঞ্জের প্রায় তিনশত প্রোটেষ্টান্ট খৃষ্টান ছাত্র ছাত্রী আজপ্রার্থনার দিন থাকায় সকাল ১০টায় গণিত পরীক্ষা রাত্রিতে অংশ গ্রহণ করিতেছে। তাহাদের একত্রে আটকাইয়া প্রার্থনার সুযোগ দেওয়া হইয়াছে।

কলাপাড়া (পটুয়াখালী) সংবাদদাতা ॥ কলাপাড়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র হইতে অংক প্রশ্ন বাহিরে পাচারের অভিযোগে পুলিশ ৩ জন শিক্ষককে গ্রেফতার করিয়াছে এবং অপর একজন শিক্ষক পলাতক রহিয়াছেন। মিরাজ তালুকদার নামক একজন পরীক্ষার্থীর (রোল-ক্ষেপু-৫০২০৬৪) নিকট প্রশ্নপত্র না থাকায় তাহাকে বহিষ্কার করা হয়। এব্যাপারে কেন্দ্র সচিব থানায় মামলা করিলে পুলিশ তাহাদের গ্রেফতার করে। এই কেন্দ্র হইতে অপর ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

কুলাউড়া সংবাদদাতা ॥ গতকাল শনিবার অংক পরীক্ষার দিনে কুলাউড়া এসএসসি পরীক্ষাকেন্দ্র হইতে ৯ জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হইয়াছে। তন্মধ্যে একজন পরীক্ষার্থীকে একটি ছোরাসহ গ্রেফতার করা হইয়াছে। কেন্দ্রে কর্মরত ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আজিজুর রহমান নকলের জন্য নজরুল ইসলাম নামে একজন পরীক্ষার্থীর দেহ তল্লাশী করা কালে তাহার নিকট হইতে ৮´´ মাপের একটি ছোরা উদ্ধার করেন। তাহার বিরুদ্ধে কুলাউড়া থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে। বর্তমানে সে থানা হাজতে আছে।